



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা

বাংলাদেশ।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ১৩৫/২০২৩

তারিখ : ১১ পৌষ ১৪৩০
২৬ ডিসেম্বর ২০২৩

২০২২ সাল ভিত্তিক সমন্বিত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর বিভিন্ন পদে নিয়োগের উদ্দেশ্যে
প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিসমূহে উল্লেখিত বয়সসীমার তারিখ পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহে ২০২২ সাল ভিত্তিক বিভিন্ন পদে নিয়োগের
লক্ষ্যে বিগত ২০/১২/২০২৩ ও ২১/১২/২০২৩ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিসমূহের ৬ নং অনুচ্ছেদে উল্লেখিত বয়সসীমার
তারিখ নিম্নরূপে পুনঃনির্ধারণ করা হলো:

ক্রমিক নং	পদের নাম	Job ID	বিজ্ঞপ্তি নং ও প্রকাশের তারিখ	পূর্বে উল্লেখিত বয়সসীমার তারিখ	পুনঃনির্ধারিত বয়সসীমার তারিখ
১.	সিনিয়র অফিসার (সাধারণ)	10201	১৩১/২০২৩, তারিখ: ২০/১২/২০২৩	১৯/০১/২০২৪	০১/০৩/২০২৩
২.	অফিসার (সাধারণ)	10202	১৩৩/২০২৩, তারিখ: ২১/১২/২০২৩	২০/০১/২০২৪	০১/০৩/২০২৩
৩.	অফিসার (ক্যাশ)/ অফিসার (টেলর)	10203	১৩৪/২০২৩, তারিখ: ২১/১২/২০২৩	২০/০১/২০২৪	০১/০৩/২০২৩

অর্থাৎ ০১/০৩/২০২৩ তারিখে যে সকল প্রার্থী (মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) এর বয়স সর্বোচ্চ
৩০ বছর এবং যে সকল মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ বছর হবে, তারা উপরে বর্ণিত পদসমূহে
আবেদন করতে পারবেন। নিয়োগ বিজ্ঞপ্তিসমূহের অন্যান্য তারিখ, সময়সীমা ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

যে সকল প্রার্থী উল্লেখিত পদসমূহে ইতোমধ্যে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

স্বাক্ষরিত/-

মোঃ রফিকুল ইসলাম
পরিচালক (চলতি দায়িত্বে)
ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়